সিটিজেন চার্টার, আইডব্লিউএম

পটভূমিঃ

জাতীয় পানি পরিকল্পনার সহায়ক হিসেবে ১৯৮৬ সালে একটি UNDP-DANIDA প্রকল্প হিসেবে IWM-এর যাত্রা শুরু Surface Water Simulation Modelling Programme (SWSMP) নামে। পরবর্তীতে বাংলাদেশ সরকার ১৯৯৬ সালে গাণিতিক মডেলিং প্রযুক্তি লালন ও এর সর্বাঙ্গীন ব্যবহার নিশ্চিত করতে এবং এ বিষয়ে Centre of Excelence হিসেবে SWMC নামে একটি Trust গঠন করে এবং ২০০২ সালে সেবা কার্যক্রমের পরিধি বেড়ে যাওয়ায় এই এই প্রতিষ্ঠানের নামকরণ করা হয় Institute of Water Modelling (IWM) হিসেবে।

Deed of Trust অনুসারে IWM Trust এর মূল উদ্দেশ্য সমূহ নিম্নরূপ ঃ

১) SWSMP এর তিনটি ফেজ এর সময়ে অর্জিত আইডব্লিউএম এর সমস্ত বদলী ও অবদলীযোগ্য সম্পদ, দায় এবং সুযোগ-সুবিধা নিয়ে ওয়াটার মডেলিং, কম্পিউটেশনাল হাইড্রলিক্স (পানিবিজ্ঞান) ও সংশ্লিষ্ঠ বিজ্ঞানে একটি উৎকর্ষ গবেষণা প্রতিষ্ঠান হিসেবে আইডব্লিউএম গঠন এবং রক্ষনাবেক্ষণ করা ও এর বর্তমান কার্যক্রম সম্প্রসারণ ও ট্রাস্টির সিদ্ধান্তক্রমে জাতীয় উন্নয়নের জন্য নতুন প্রকল্প হাতে নেয়া।

২) চলমান কর্মসূচী এবং প্রকল্পসমূহ বাস্তবায়ন করা,

৩) আইডব্লিউএর মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্প ও কর্মসূচী সমূহের ত্বরায়ন, প্রতিষ্ঠা, পরিচালনা, অক্ষুন্ন রাখা, অর্থায়নে সহযোগিতা, এবং ওয়াটার মডেলিং প্রোগ্রামসমূহের জন্য সহায়তা প্রদান ও উল্লিখিত বিষয়ে সকল ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা করা।

৪) পানিবিজ্ঞান ও ওয়াটার মডেলিং কার্যক্রমের সংগে সংশ্লিষ্টদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।

৫) সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চতর সেবা প্রদানের জন্য ওয়াটার মডেলিং বিষয়ে গবেষনা ও উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও সহযোগিতা প্রদান

৬) উক্ত ট্রাস্টের লক্ষ্যসমূহ অর্জন করতে উচ্চতর গবেষণা কর্ম পরিচালনা করা

৭) সম্ভাব্য উপর্যুক্ত ক্ষেত্রে উক্ত ট্রাস্টের কার্যক্রম ও সেবা দেশের বাইরে সম্প্রসারন করা

৮) আইডব্লিউএম এর মূল কার্যক্রমের সাথে সংগতিপূর্ণ যে কোনো বিষয়ে প্রকল্প গ্রহণ করা।

আইডব্লিউএম-এর নাগরিক সেবা সমূহ ঃ

১. সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে সমস্যাসমূহের লাগসই সমাধানের জন্য পরামর্শমূলক সেবা প্রদান।
২. বন্যা ব্যবস্থাপনা, পানি নিষ্কাশন ইত্যাদি বিষয়ে বন্যার কারণ, পূর্বাভাসের মাধ্যমে জানমালের ক্ষয়ক্ষতি রক্ষা বিষয়ে দ্রুতগতির বিশেষজ্ঞ সেবা প্রদান।
৩. ঘূর্ণিঝড় ও এর গতিবিধি পূর্বাভাস প্রদানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সহযোগিতা করার মাধ্যমে উপকূলীয় জনগণের জীবন ও সম্পদ রক্ষায় সহযোগিতা প্রদান।
৪. দেশের জনগুরুত্বপূর্ণ নদ-নদীসমূহের ভাঙন প্রতিরোধে বিশেষজ্ঞ পরামর্শ প্রদানের মাধ্যমে জাতীয় সম্পদ রক্ষায় সহযোগিতা।
৫. সেতু, সড়ক, রেলপথ, নদীবন্দর ইত্যাদি অবকাঠামো নির্মাণ এবং পরিবেশের উপর প্রতিক্রিয়া নিরূপণে গাণিতিক মডেলের সাহায্যে অত্যাধুনিক কম্পিউটার ভিত্তিক লাগসই প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিশেষজ্ঞ পর্যায়ের পরামর্শ সেবা প্রদান।

৬. পদ্মা সেতুর মত বৃহৎ পরিকল্পনায় স্থান নির্বাচন ও সম্ভাব্যতা সমীক্ষা, যমুনা সেতুর মত বৃহৎ অবকাঠামোর রক্ষণাবেক্ষনে বিশেষজ্ঞ পরামর্শ প্রদান।

৭. ঢাকা ওয়াসাকে জিআইএস ভিত্তিক এমআইএস প্রনয়ন, পানি সরবরাহের উপযুক্ত সন্ধান ইত্যাদি বিভিন্ন কার্যক্রমে সহযোগিতার মাধ্যমে সরকারকে নাগরিক সেবা বৃদ্ধিতে সহযোগিতা ।

৮. ঢাকা ও আশপাশের নদীসমূহের পানির গুণগত মান পরীক্ষার মাধ্যমে সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠানসমূহকে তথ্য প্রদান।

৯. বরেন্দ্র অঞ্চলের মত অনুর্বর ও সেচ সুবিধাবিহীন এলাকায় কৃষি উন্নয়নের জন্য গাণিতিক সমীক্ষার মাধ্যমে বিশেষজ্ঞ সেবা প্রদান করে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন।

১০. গাণিতিক মডেল সমীক্ষার জন্য প্রাইমারি ও সেকেন্ডারি উৎসসমূহ থেকে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহের মাধ্যমে একটি উপাত্তভাণ্ডার ও রেফারেন্স সেন্টার প্রতিষ্ঠা।

১১. জলবায়ু পরিবর্তনে পরিবেশের সম্ভাব্য বিপর্যয় বিষয়ে সমীক্ষা পরিচালনার মাধ্যমে সরকারকে ভবিষ্যতের কার্যক্রম গ্রহনে সহযোগিতার সেবা প্রদান।

১২. কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষে ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানির সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে নিষ্কাশনের আওতা কমান এবং সেচের আওতা বৃদ্ধির জন্য গানিতিক মডেলের মাধ্যমে সমিক্ষা পরিচালনা এর মাধ্যমে উৎপাদন বাড়ানো।

১৩. দেশের বিদ্যমান বৃহৎ সেচ প্রকল্প সমুহের সেচ ও নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের জন্য গানিতিক মডেল সেবা প্রদান।

১৪. ভূ-গর্ভস্থ সুপেয় পানির অনুসন্ধান এর পরিমান ও গুনগতমান নির্ণয় এবং সুপের পানির টেকসই ব্যবহার নিশ্চিত করনের জন্য গানিতিক মডেল সমীক্ষা পরিচালনা ও পরামর্শ প্রদান ।

১৫. বাংলাদেশের বিভিন্ন নদীতে কোন নিদিষ্ট সময় ভুপরিস্থ পানির পরিমান, পনির সমতা, গুনাগুন ইত্যাদি নির্ণয় করন।

১৬. উপকুলীয় এলাকায় পোল্ডারের উন্নয়নের জন্য গানিতিক মডেল ব্যবহারের মাধ্যমে সেচ ও নিষ্কাশনের উন্নয়ন করা। Tidal River Management (TRM) এর মাধ্যমে জলাদ্ধতা দূরীকরন। Climate Change এর ফলে Sea level rise, Salinity intrusion ইত্যাদি নির্নয় করন।

১৭. দেশের একমাত্র গাণিতিক মডেল সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে এর কার্যক্রমকে আন্তর্জাতিক পর্যায়ে সেবাক্ষেত্র বৃদ্ধি। মালয়েশিয়া, শ্রীলংকা, তাজিকিস্তান, ভারত, নেপাল, কম্বোডিয়ায় সেবা প্রদানের অভিজ্ঞতাকে আরো সম্প্রসারিত করা।

১৮. সংশ্লিষ্ঠ বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ কর্মসূচি গ্রহনের মাধ্যমে প্রযুক্তি হস্তান্তর।

১৯. MoU এর মাধ্যমে যৌথ উদ্যোগে দেশী ও বিদেশী বিভিন্ন সংস্থা ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে গবেষণা কাজে অংশগ্রহণ।

২০. বিভিন্ন শিক্ষা ও গবেষণামূলক কার্যক্রমে অংশগ্রহনের মাধ্যমে মানবসম্পদের উন্নয়ন ঘটানো। দেশী-বিদেশী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ প্রদান ও উচ্চ শিক্ষার জন্য গবেষণা কাজে সহযোগিতা।

২১. রিজিওনাল মডেল সহ আইডব্লিউএম-এ সংরক্ষিত সরকারের সকল মডেল হালনাগাদকরণ।

২২. বিশেষজ্ঞ মতামত প্রধান পূর্বক জাতীয় দায়িত্ব পালনের জন্য বিভিন্ন সরকারী জাতীয় ও আন্তর্জাতিক কমিটি, টাস্কফোর্স, বিদেশী সাহায্য রিভিউ মিশন, কর্ম-শালা ও ফোরাম সমূহে প্রতিনিধিত্ব করা।

২৩. সর্বাধুনিক প্রযুক্তি গ্রহনের মাধ্যমে সংশ্লিষ্ট সকল বিষয়ে উচ্চতর সেবা প্রদান।

২৪. সফটওয়ার ব্যবস্থাপনা ও তথ্যপযুক্তির ক্ষেত্রে সরকারী, সাহায্য সংস্থা ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে সেবা প্রদান।

২৫. আইডব্লিউএম এর ওয়েব সাইট থেকে নিম্ন বর্ণিত তথাবলী সমূহ সরাসরি ব্রাউজ করে দেখা যায় এবং আইডব্লিউএম এর অনুমতি সাপেক্ষে তথ্য সমূহের পুনর্ব্যবহার সম্ভব ঃ

ক) About IWM, Vision & Mission, Organogram, History, BoT Members, MC Members;

খ) Product & Services, Project List;

গ) Expertise (Training, Technology Transfer, Professionals);

ঘ) Clients & Partners;

ঙ) News (IWM News, Up Coming Events, Projects signed);

চ) Publication (Annual Report, News Letter, Internal Publication);

ছ) Online Library (IWM Library)

জ) IWM Research;

ঝ) IWM Activities.